বাংলাদেশ ইনস্টিটিউট
অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট
(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)
ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭

BIGM

ড. মোহাম্মদ তারেক
পরিচালক
প্রাক্তন অর্থ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাক্তন নির্বাহী পরিচালক, বিশ্ব ব্যাংক
ফোন: ৮৮০-৯১৪০৭৪০, ফ্যাক্স: ৮৮০-৯১৪১২৩১
মোবাইল:৮৮-০১৫৫০১৫০৬৭৭, ই-মেইল:mtareque03@gmail.com

ডিও নং-বিআইজিএম/অর্গা/০৫/১০/২০১৫-৩২৪৬/ তারিখ ২০.০৮.২০১৭খ্রিঃ

প্রিয় সচিব,

আমার আন্তরিক শুভেচ্ছা নেবেন।

২। আপনি অবগত আছেন যে, Bangladesh Institute of Governance and Management (BIGM)-সরকারের সাহায্যপুষ্ট, জনপ্রশাসনের আওতাধীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি Masters in Public Affairs (MPA) Programme এর আওতায়- ০১. Governance and Public Policy, ০২. International Economic Relations (IER) এবং ০৩. Human Resource Management-এই তিনটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করে আসছে। ৪-সেমিষ্টারব্যাপী এই মাষ্টার্স প্রোগ্রামের শিক্ষার্থী প্রতি সার্বিক ব্যয় তুলনামূলকভাবে অনেক কম যা সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে নিতান্তই নামমাত্র এবং কোর্সটি সাধারণত সান্ধ্যকালীন।

৩। এ প্রতিষ্ঠানটি ক্রমাগতভাবে কারিকুলা আন্তর্জাতিক মানে উন্নীতকরণ, নতুন নতুন প্রোগ্রাম অন্তর্ভুক্তকরণ, গবেষণা-পর্ব পরিচালনা এবং জনপ্রশাসনের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ পরিচালনার মাধ্যমে সরকারের রূপকল্প ও সরকারের অঙ্গীকারকৃত SDGs (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) পূরণে সহায়ক ভূমিকা রাখার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এ প্রতিষ্ঠানটি থেকে এ পর্যন্ত যতজন শিক্ষার্থী ডিগ্রী লাভ করেছেন, তার প্রায় ৫০ শতাংশ সরাসরি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় কর্মরত।

৪। অন্যান্য বছরের মতো এবছরও (শিক্ষাবর্ষ ২০১৭-১৮) ০১. Governance and Public Policy, ০২. International Economic Relations (IER) এবং ০৩. Human Resource Management-এই তিনটি বিষয়ে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে, যা এর সাথে সংযুক্ত করা হলো। **উল্লেখ্য, এ সংক্রান্ত দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর, ২০১৭খ্রিঃ ।** এ সংক্রান্ত বিস্তারিত তথ্য আমাদের ওয়েব-সাইট www.bigm.edu.bd-এ পাওয়া যাবে এবং সংশ্লিষ্ট Link টি নিম্নে দেওয়া হলো।

http://www.bigm.edu.bd/Bigm/News/ShowNews?NewsId=45

৫। BIGM-এর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞপ্তিটি (ক) আপনার মন্ত্রণালয়ের Website-এ প্রকাশের মাধ্যমে সকল মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং (খ) আপনার আওতাধীন সরকারি কর্মকর্তাদের উল্লিখিত প্রোগ্রামগুলোতে অংশগ্রহণে উৎসাহিত করার জন্য আপনাকে সানুগ্রহ অনুরোধ জানাচ্ছি।

(ড. মোহাম্মদ তারেক)
পরিচালক

জনাব মোঃ সোহরাব হোসাইন
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
ভবন #৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রথম আলো
১১.০৮.২০১৭

# বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট

BIGM

(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)

ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।
ফোন: ৯১৪১০৩১, ৯১৪১০৬৫, ৯১৪১২৫২, এক্সটেনশন: ১০২, ১০৬, ১০৭, ১০৮, ১১৪, ১১৫
মোবাইল: ০১৯৭৯০০৫৩০৩, E-mail: info@bigm.edu.bd, Web: www.bigm.edu.bd

## মাস্টার্স ইন পাবলিক এ্যাফেয়ার্স (MPA) ভর্তি বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮)

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট একটি বিশেষায়িত প্রশাসন, জননীতি ও ব্যবস্থাপনা, বিশেষ করে সুশাসন বিষয়ক স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের উদ্দেশ্য হল সরকারি ও বেসরকারি কর্মকর্তাদের ব্যবস্থাপনা সম্পর্কিত প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য যথাযথভাবে প্রস্তুত করে গড়ে তোলা যেন দেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি নিশ্চিত করার পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠা করা যায়।

**মাস্টার্স ইন পাবলিক এ্যাফেয়ার্স (MPA)**

১. গভর্নেন্স এন্ড পাবলিক পলিসি (GPP)
২. ইন্টারন্যাশনাল ইকোনমিক রিলেসন্স্ (IER)
৩. হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HRM)

### আবেদনকারীর যোগ্যতা

বিসিএস ক্যাডার ও ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী গ্রেড-০৯ বা তদূর্ধ্ব পর্যায়ের গেজেটেড কর্মকর্তা, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বেসরকারি ব্যাংক/বীমা ও অন্যান্য সংস্থা এবং এনজিওতে কর্মরত মধ্য পর্যায়ের কর্মকর্তা যাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিম্নরূপঃ

- দুই বছরের নির্বাহী পর্যায়ের চাকুরীর অভিজ্ঞতাসহ চার বছর মেয়াদী স্নাতক ডিগ্রি অথবা,
- তিন বছরের নির্বাহী পর্যায়ের চাকুরির অভিজ্ঞতাসহ তিন বছর মেয়াদী স্নাতক ডিগ্রি অথবা,
- চার বছরের নির্বাহী পর্যায়ের চাকুরির অভিজ্ঞতাসহ দুই বছর মেয়াদী স্নাতক ডিগ্রি।
- ন্যূনতম পয়েন্ট ৬, যেখানে প্রথম শ্রেণী/ক্লাস/সিজিপিএ ৩.৫ = ৩ পয়েন্ট, দ্বিতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ ২.৭৫ থেকে ৩.৪৯ = ২ পয়েন্ট ও তৃতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ ২ থেকে ২.৭৪ = ১ পয়েন্ট।
- এছাড়া শিক্ষা জীবনে অতি উৎকৃষ্ট (চারটি প্রথম শ্রেণী অথবা সমমানের সিজিপিএ) ফলাফল অর্জনকারী প্রার্থীগণ কোন অভিজ্ঞাতা ছাড়াই আবেদন করতে পারবেন।

সকল যোগ্যতা সম্পন্ন আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

### BIGM এ কেন পড়বেন?

- ✓ ৪৫ ক্রেডিট সম্পন্ন আন্তর্জাতিক মানের মাস্টার্স প্রোগ্রাম।
- ✓ বহুমুখী কোর্সের এক অনন্য সমন্বয়।
- ✓ আধুনিক ও অভিনব শিক্ষা ও গবেষণা পদ্ধতি।
- ✓ বিভিন্ন পেশা ও শ্রেণীর শিক্ষার্থীদের সংযোগ।
- ✓ পেশাগত জ্ঞান ও বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন দেশবরেণ্য ও স্বনামধন্য শিক্ষকবৃন্দ।
- ✓ সান্ধ্যকালীন ও সুবিধাজনক ক্লাস সময়সূচি।
- ✓ ন্যূনতম টিউশন ফি।
- ✓ সীমিত সংখ্যক আসন।
- ✓ ঢাকা বিশ্ববিদ্যালয় প্রদত্ত সার্টিফিকেট।
- ✓ পরিবেশবান্ধব প্রশস্ত ক্যাম্পাস।

### কিভাবে আবেদন করবেন?

প্রোগ্রাম ও ভর্তি সংক্রান্ত তথ্য ইনস্টিটিউট-এর ওয়েব সাইটে www.bigm.edu.gov অথবা সরাসরি ক্যাম্পাসে পাওয়া যাবে। ভর্তি ফরম অনলাইনে অথবা সরাসরি ক্যাম্পাসে এসে পূরণ করতে হবে এবং ভর্তির আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা প্রার্থীকে অনলাইনে / অথবা সরাসরি ক্যাম্পাসের ভর্তি অফিসে আগামী ১৬ই সেপ্টেম্বর, ২০১৭ এর মধ্যে জমা দিতে হবে।

### টিউশন ফি ও অন্যান্য চার্জেস

টিউশন ফি ক্রেডিট প্রতি মাত্র ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করতে হবে, যা সেমিস্টার প্রতি প্রদেয় (ইনস্টিটিউট ও ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত অন্যান্য ফি ব্যতীত) বিসিএস ক্যাডারভুক্ত ও ২০১৫ সালের বেতন স্কেল অনুযায়ী গ্রেড-০৯ বা তদূর্ধ্ব পর্যায়ের গেজেটেড কর্মকর্তাদের উক্ত ফি-এর মাত্র ১০% প্রদান করতে হবে। (ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত রেজিস্ট্রেশন ফি, পরীক্ষা ফি ব্যতীত)

### ভর্তি প্রক্রিয়ার সময়সূচি

দরখাস্ত জমাদানের শেষ তারিখ: ১৬ই সেপ্টেম্বর, ২০১৭। যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের তালিকা প্রকাশের তারিখ: ২০শে সেপ্টেম্বর, ২০১৭। লিখিত পরীক্ষার তারিখ: ২৯শে সেপ্টেম্বর, ২০১৭। মৌখিক পরীক্ষার তারিখ: ৩০শে সেপ্টেম্বর, ২০১৭।

মোঃ মনজুর আলম প্রধান
অতিরিক্ত পরিচালক